ফাতওয়া নাম্বার: ৫৫৬ প্রকাশকাল:১১-০৫-২০২৫ ইং

একমাত্র মেয়েকে সকল সম্পত্তি লিখে দেওয়ার বিধান

প্রশ্ন:

যে ব্যক্তির শুধু একটি মেয়ে আছে, সে কি চাইলে তার সকল সম্পত্তি মেয়েকে দিয়ে দিতে পারবে?

-রফিক মিয়া

উত্তর:

মিরাস আল্লাহ তাআলার পক্ষ থেকে নির্ধারিত বিধান। কোনো ওয়ারিশকে এ থেকে বঞ্চিত করা জায়েয নয়। এ ব্যাপারে কুরআনে কারীমে কঠোর ধমকি এসেছে। মিরাসের বিধান বর্ণনা করার পর আল্লাহ তাআলা বলেন,

تِلْكَ حُدُودُ اللهِ وَمَنْ يُطِعِ اللهَ وَرَسُولَهُ يُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا وَذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ (١٣) وَمَنْ يَعْصِ اللهَ وَرَسُولَهُ وَيَتَعَدَّ حُدُودَهُ يُدْخِلْهُ نَارًا خَالِدًا فِيهَا وَلَهُ عَذَابٌ مُهِينٌ. —النساء: ١٤

"এসব আল্লাহর (স্থিরকৃত) সীমা। যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করবে, তিনি তাকে এমন উদ্যানসমূহে দাখিল করবেন, যার তলদেশে নহর প্রবাহিত হবে। তারা সর্বদা তাতে থাকবে। আর এটা

মহাসাফল্য। পক্ষান্তরে যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রাসূলের অবাধ্যতা করবে এবং তাঁর (স্থিরকৃত) সীমা লংঘন করবে, তিনি তাকে দাখিল করবেন জাহান্নামে, যাতে সে সর্বদা থাকবে এবং তার জন্য আছে লাঞ্ছনাকর শাস্তি।”
-সূরা নিসা ০৪:১৪

শুধু এক মেয়ে থাকায় তাকে সকল সম্পদ দেয়ার অর্থ হলো, অন্য ওয়ারিশদের বঞ্চিত করা। এটা জায়েয নয়। আল্লাহ তাআলার বিধান অনুযায়ী মেয়ে যতটুকু মিরাস পাবে তাতেই ইনশাআল্লাহ বরকত হবে, অন্যের হক নষ্ট করে বেশি পেলেও তাতে বরকত হবে না। -ফাতাওয়া কাজীখান: ৯/১৯৪ (আল-মাকতাবাতুল আশরাফিয়্যাহ); আল-ফাতাওয়াত তাতারখানিয়া: ১৪/৪৬৫ (যাকারিয়া বুক ডিপো); আল-ফাতাওয়াল হিন্দিয়া: ৪/৩৯১ (দারুল ফিকর); হাশিয়াতুত তাহতাভী আলাদ দুর: ৯/৪৭৪ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); রদ্দুল মুহতার: ৫/৬৯৬ (দারুল ফিকর)

আল্লামা আইনী রহিমাহুল্লাহ (৮৫৯ হি.) বলেন,

وقال النسفي في الكافي عن محمد بن الحسن قال: ليس من أخلاق المؤمنين الفرار من أحكام الله بالحيل الموصلة إلى إبطال الحق. -عمدة القاري (٢٤/ ١٠٩ ط. دار إحياء التراث)

"নাসাফী রহিমাহুল্লাহু কাফী কিতাবে ইমাম মুহাম্মদ রহিমাহুল্লাহু থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আল্লাহ তাআলার বিধান থেকে পলায়ন করা এবং হিলা-বাহানা করে মানুষের হক নষ্ট করা মুমিনের চরিত্র নয়।" - উমদাতুল কারী: ২৪/১০৯ (দারু ইহয়ায়িত তুরাস)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৩-১০-১৪৪৬ হি.
২২-০৪-২০২৫ ইং